

বিসমিল্লাহির রহমানির রাহীম

## আর্থিক প্রতিবেদন - ২০২৪

মাননীয় প্রেসিডেন্ট,
কার্যনির্বাহী কমিটির সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দ, ডোনার, পৃষ্ঠপোষক ও আজীবন সদস্য/সদস্যাবৃন্দ উপস্থিত সুধীমন্ডলী আস্সালামু আলাইকুম।
চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৪৪তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা ও স্বাগতম। সভার শুরুতেই আমি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি হাসপাতালের প্রতিষ্ঠালগ্ন থেকে আজ পর্যন্ত যারা হাসপাতালের কার্যক্রমে বিভিন্নভাবে সম্পৃক্ত থেকে হাসপাতালের উন্নয়ন ও অগ্রগতিতে অবদান রেখেছেন। আমি বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি হাসপাতালের কার্যনির্বাহী কমিটির সম্মানিত সদস্যবৃন্দ, হাসপাতাল ও মেডিকেল কলেজের কর্মকর্তা কর্মচারীবৃন্দ যারা হাসপাতালের কার্যক্রমে সর্বাত্নকভাবে সহযোগিতা করেছেন।

সম্মানিত সুধীবৃন্দ,
অদ্যকার বার্ষিক সাধারণ সভায় উপস্থাপিত নিরীক্ষিত হিসাব বিবরণী দেশের খ্যাতনামা অডিট ফার্ম রহমান রহমান হক এন্ড চার্টার্ড একাউনটেন্ট কোম্পানী কর্তৃক নিরীক্ষা পূর্বক উপস্থাপন করা হয়েছে। আপনারা আমাদের উপরে যে দায়িত্ব অর্পন করেছেন আমরা সততা, নিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহীতার সাথে সে দায়িত্ব পালনের জন্য সর্বাত্নকভাবে চেষ্টা করে যাচ্ছি। আপনাদের যেকোনো পরামর্শ/সুপারিশ আমরা স্বাদরে গ্রহণ করার জন্য প্রস্তুত আছি। নিম্নে হাসপাতাল ও মেডিকেল কলেজের আর্থিক প্রতিবেদন আলাদা আলাদাভাবে উপস্থাপন করা হয়েছে।

১। বিগত ২১-০৬-২০২৫ইং তারিখে কার্যনির্বাহী কমিটি জুন'২০২৪ইং পর্যন্ত নিরীক্ষা প্রতিবেদন এবং আর্থিক কর্মকান্ডের সারসংক্ষেপ সাধারণ সভার অনুমোদন প্রয়াসে উপস্থাপনের জন্য অনুমোদন করেছেন। নির্বাহী কমিটির সভায় অনুমোদিত আর্থিক কর্মকান্ডের সারসংক্ষেপ নিম্নরূপ ঃ

ক. স্থিতিপত্র ঃ

| | ২০২৩-২০২৪ | ২০২২-২০২৩ | প্রবৃদ্ধি | শতকরা হার |
|---|---|---|---|---|
| | টাকা | টাকা | | |
| নীট পরিসম্পদ | ১৭৩,১৩,২৯,৪৯৪ | ১৫৮,৪৯,৯৩,০৪৩ | | |
| যোগ পুঞ্জিভূত অবচয় | ৭১,৯৬,৮৭,৩৪০ | ৫১,৭৮,৭০,৯৬১ | | |
| মোট | ২৪৫,১০,১৬,৮৩৪<br>১৬.৫৬% | ২১০,২৮,৬৪,০০৪ | ৩৪,৮১,৫২,৮৩০ | |
| খ. আয় ব্যয়ের হিসাব ঃ | | | | |
| নীট আয় | (৪,৭০,৫১,৯৬১) | (৫,১২,৪৮,০৯৭) | | |
| যোগ অবচয় | ২০,১৮,১৬,৩৭৯ | ৮,৪০,৮৫,৯৪৯ | | |
| মোট | ১৫,৪৭,৬৪,৪১৮ | ৩,২৮,৩৭,৮৫২ | | |
| বিয়োগ বিলম্বিত আয় | ৪৪,২৮,২৭৭ | ৪৮,৬১,৯৭৮ | | |
| | ১৫,০৩,৩৬,১৪১ | ২,৭৯,৭৫,৮৭৪ | ১২,২৩,৬০,২৬৭ | - |
| গ. নগদ আয় ঃ | | | | |
| হাসপাতাল সূত্রে | ৯৯,৩৫,১৬,৮৭৮ | ৭২,৮৬,৩৭,৯৮৪ | | |
| অন্যান্য সূত্রে | ১১০,৪৫,০০,৯০৪ | ৭৬,৬৩,৭৬,৯৮৭ | | |
| মোট | ২০৯,৮০,১৭,৭৮২<br>৪০.৩৩% | ১৪৯,৫০,১৪,৯৭১ | ৬০,৩০,০২,৮১১ | |

২. বিগত জুন' ২০২৪ইং পর্যন্ত সাধারণ সভায় অনুমোদিত বাজেট বরাদ্দ এবং প্রকৃত প্রাপ্তি/প্রদান পরিস্থিতি নিম্নরূপ ঃ

| | মূলধণী খাতে | দাতব্য খাতে | রাজস্ব খাতে | সর্বসাকূল্যে |
|---|---|---|---|---|
| ক. আয় ঃ | | | | |
| প্রাক্কলিত | {৪,৫০,০০,০০০} | ২,৫০,০০,০০০ | ১৬১,২০,০০,০০০ | ১৬৩,৭০,০০,০০০ |
| অর্জিত | {৩৮,১৬,৭৮,০০০} | ১,৬১,০৪,০০০ | ১৪৮,৬৯,৮৭,০০০ | ১৫০,৩০,৯১,০০০ |
| উদ্বৃত্ত / (ঘাটতি) | {৩৩,৬৬,৭৮,০০০} | (৮৮,৯৬,০০০) | (১২,৫০,১৩,০০০) | (১৩,৩৯,০৯,০০০) |
| খ. ব্যয় ঃ | | | | |
| বরাদ্দ | ৯৯,৭০,০০,০০০ | ২,০০,০০,০০০ | ১৪২,১০,৫০,০০০ | ২৪৩,৮০,৫০,০০০ |
| প্রদান | ৬৭,৩৬,১১,০০০ | ৭২,০৫,০০০ | ১১৩,২৩,০৫,০০০ | ১৮১,৩১,২১,০০০ |
| (ঘাটতি)/ সাশ্রয় | ৩২,৩৩,৮৯,০০০ | ১,২৭,৯৫,০০০ | ২৮,৮৭,৪৫,০০০ | ৬২,৪৯,২৯,০০০ |

৩. আগামী ২০২৫-২০২৬ইং সালের জন্য নগদ মূলধনী, দাতব্য এবং রাজস্ব খাতে আয় ব্যয়ের নিম্মরূপ প্রস্তাবনা বিগত ২১-০৬-২০২৫ইং তারিখে নির্বাহী কমিটির মিটিং এ সাধারণ সভায় অনুমোদন প্রয়াসে উপস্থাপনের জন্য অনুমোদিত হয় ঃ

| | মূলধণী খাতে | দাতব্য খাতে | রাজস্ব খাতে | সর্বসাকূল্যে |
|---|---|---|---|---|
| আয় | {৭,০০,০০,০০০} | ৩,০০,০০,০০০ | ১৮২,১২,০০,০০০ | ১৮৫,১২,০০,০০০ |
| ব্যয় | ৫৮,৭০,০০,০০০ | ১,৬০,০০,০০০ | ১৭৫,৬৪,০৫,০০০ | ২৩৫,৯৪,০৫,০০০ |
| উদ্বৃত্ত/(ঘাটতি) | (৫৮,৭০,০০,০০০) | ১,৪০,০০,০০০ | ৬,৪৭,৯৫,০০০ | (৫০,৮২,০৫,০০০) |

৪। নিরীক্ষা প্রতিবেদনটি বিরূপ মন্তব্যহীন। সম্পূর্ণ নিরীক্ষা প্রতিবেদন এবং বাজেটের পূর্ণ বিবরন (০০০ টাকায়) নিম্মে মুদ্রিত আকারে উপস্থাপন করা হল।